9674

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা
www.police.gov.bd

**আমার পুলিশ আমার দেশ**
**সবার আগে বাংলাদেশ**

স্মারক নং- ৪৪.০১.০০০০.১০৮.১৯.৪৫২.২৬ - ২৬৪৯

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত কনস্টেবলদের আবেদনক্রমে পিআরএল গমনের স্বার্থে তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে বদলি করা হলো:

| ক্রঃ নং | পদবী, নাম, কর্মস্থল ও বিপি নম্বর | ইউনিট/রেঞ্জের নাম |
|---|---|---|
| ১. | কনস্টেবল/মোঃ আজিজুর রহমান, টাঙ্গাইল জেলা<br>বিপি-৬৭৮৭০২৫৪৮৭ | ময়মনসিংহ রেঞ্জ<br>(স্বাভাবিক অবসর তারিখ-৩০/১১/২০২৬) |
| ২. | কনস্টেবল/মোঃ শফি উল্লাহ, মুন্সিগঞ্জ জেলা<br>বিপি-৬৮৮৮০৬০০৬৮ | রেলওয়ে রেঞ্জ<br>(স্বাভাবিক অবসর তারিখ-০৬/০৯/২০২৭) |
| ৩. | কনস্টেবল/শ্রী রাজপতি ঘোষ, আরএমপি, রাজশাহী<br>বিপি-৮২০২০২১৩১৯ | রাজশাহী রেঞ্জ<br>(স্বেচ্ছায় অবসর তারিখ-০১/০৭/২০২৭) |

পিআরএল গমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।
এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর/-
(মোঃ জামিরুল ইসলাম)
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নং- ৪৪.০১.০০০০.১০৮.১৯.৪৫২.২৬ - ২৬৪৯/১(৯)

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অ্যাডিশনাল আইজি, রেলওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২. পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী
৩. ডিআইজি, ঢাকা/রাজশাহী/ময়মনসিংহ রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
৪. এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
৫. পুলিশ সুপার, টাঙ্গাইল/মুন্সীগঞ্জ জেলা
৬. অফিস কপি।

২৫.০৬.২০২৬
(মোঃ জামিরুল ইসলাম)
বিপি৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
aigpm3@police.gov.bd

৩৪৫
১৮।০৫।২৬

২০ MAY 2026
পুলিশ লাইনস, টাঙ্গাইল

বরাবর

এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যমঃ- যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ আগামী ০১/১২/২০২৬ খ্রিঃ বার্ধক্য জনিত কারনে পিআরএল গমনের স্বার্থে ময়মনসিংহ রেঞ্জাধীন নিজ জেলা নেত্রকোণায় বদলির আবেদন।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি কনস্টেবল/৫৫ মোঃ আজিজুর রহমান বিপি-৬৭৮৭০২৫৪৮৭ আপনার অধিনস্থ একজন পুলিশ কর্মচারী। বর্তমানে টাঙ্গাইল জেলার সদর ট্রাফিক কর্মরত আছি। আমার জন্ম তারিখ ০১/১২/১৯৬৭ খ্রিঃ। আমার নিজ জেলা নেত্রকোণা। আমি গত ১১/০৪/১৯৮৭ খ্রিঃ বাংলাদেশ পুলিশ বাহিনীতে কনস্টেবল পদে যোগদান করে প্রায় ৩৯(উনচল্লিশ) বছর দক্ষতা ও সুনামের সাথে চাকরি করে আসছি। আমি আগামী ০১/১২/২০২৬ খ্রিঃ বার্ধক্য জনিত কারনে পিআরএল গমনের স্বার্থে ময়মনসিংহ রেঞ্জাধীন নিজ জেলা নেত্রকোণায় বদলি হতে একান্ত ইচ্ছুক।

অতএব, মহোদয় সমীপে আমার আকুল আবেদন এই যে, আগামী ০১/১২/২০২৬ খ্রিঃ বার্ধক্য জনিত কারনে পিআরএল গমনের স্বার্থে ময়মনসিংহ রেঞ্জাধীন নিজ জেলা নেত্রকোণায় বদলি হতে পারি তার আদেশ দানে আপনার সদয় মর্জি হয়।

জন্ম - ০১/১২/৬৭
পিআরএল - ৩০/১১/২৬

তারিখ- ১৬/০৫/২০২৬ খ্রিঃ।

বিনীত নিবেদক

মোঃ আজিজুর

(মোঃ আজিজুর রহমান)
বিপি-৬৭৮৭০২৫৪৮৭
কনস্টেবল/৫৫
টাঙ্গাইল জেলা।

**অগ্রগামী করা হইল।**

**পুলিশ পরিদর্শক (প্রশাসন)**
**যান বাহন নিয়ন্ত্রন শাখা**
**টাঙ্গাইল**

RD-1

বরাবর

অ্যাডিশনাল ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-০৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যম ঃ ঢাকা রেঞ্জ।

**বিষয় ঃ রেলওয়ে রেঞ্জাধীন, ঢাকা রেলওয়ে জেলা হতে পিআরএল গমণের নিমিত্তে বদলী হওয়ার আবেদন প্রসঙ্গে।**

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি কনস্টেবল/২৮৮ মোঃ শফিউল্লাহ (বিপি-৬৮৮৮০৬০০৬৮) আপনার অধীনস্থ একজন পুলিশ সদস্য। বর্তমানে সদর কোর্ট, মুন্সিগঞ্জ জেলায় কর্মরত আছি। আমি গত ০১/০৬/১৯৮৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করিয়া পুলিশের বিভিন্ন ইউনিটে অত্যন্ত সুনামের সহিত আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সততা ও নিষ্ঠার সহিত পালন করিয়া আসিতেছি। আমার নিজ জেলা-নারায়নগঞ্জ, আগামী ০৬/০৯/২০২৭খ্রিঃ আমার চাকুরীর মেয়াদ শেষ হইবে, চাকরি শেষে পিআরএল এবং পেনশন সুবিধা ভোগের নিমিত্তে আমি মুন্সিগঞ্জ জেলা হতে রেলওয়ে রেঞ্জধীন, ঢাকা রেলওয়ে জেলায় বদলী হয়ে অবসর যাইতে একান্ত ইচ্ছুক।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট আকুল আবেদন এই যে, উপর্যুক্ত বিষয়াদি বিবেচনা করে আমি যাহাতে মুন্সিগঞ্জ জেলা হতে রেলওয়ে রেঞ্জধীন, ঢাকা রেলওয়ে জেলায় বদলী হয়ে আগামী ০৬/০৯/২০২৭খ্রিঃ তারিখে পিআরএল যাইতে পারি তাহার সু-ব্যবস্থা দানে মহোদয়ের সদয় মর্জি কামনা করছি।

তারিখ-৩০/০৪/২০২৬খ্রিঃ।

বিনীত নিবেদক

(মোঃ শফিউল্লাহ)
বিপি-৬৮৮৮০৬০০৬৮
কনস্টেবল/২৮৮
সদর কোর্ট, মুন্সিগঞ্জ জেলা।

৫০

স্মা: ১৬৫২
০৭।০৫।২৬

বরাবর

এআইজি, (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়ঃ আগামী ০১/০৭/২০২৭ খ্রিঃ স্বেচ্ছায় অবসর গ্রহণের স্বার্থে আরএমপি, রাজশাহী হইতে নিজ জেলা চাঁপাই নবাবগঞ্জ বদলি হওয়ার জন্য আবেদন প্রসঙ্গে।

জনাব

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি কনস্টেবল/২০৯৭ শ্রী রাজপতি ঘোষ বিপি-৮২০২০২১৩১৯ আপনার অধিনস্থ একজন পুলিশ কর্মচারী। বর্তমানে আমি কাটাখালী থানা, আরএমপি, রাজশাহীতে কর্মরত আছি। আমি ইং ৩১/০১/২০০২ খ্রি.বাংলাদেশ পুলিশ বাহিনীতে যোগদান করিয়া আমার উপর অর্পিত দায়িত্ব ন্যায় ও নিষ্ঠার সহিত পালন করিয়া আসিতেছি। আমার জন্ম তারিখ-২৮/১১/১৯৮২ খ্রিঃ। এমতাবস্থায় আমি আগামী ০১/০৭/২০২৭ খ্রিঃ স্বেচ্ছায় অবসর গ্রহণের স্বার্থে আরএমপি, রাজশাহী হইতে নিজ জেলা চাঁপাই নবাবগঞ্জে বদলি হইতে একান্ত ইচ্ছুক।

অতএব, মহোদয়ের নিকট আমার আকুল আবেদন এই যে, আমি যাহাতে আগামী ০১/০৭/২০২৭ খ্রিঃ স্বেচ্ছায় অবসর গ্রহণের স্বার্থে আরএমপি, রাজশাহী হইতে নিজ জেলা চাঁপাই নবাবগঞ্জে বদলি হইতে পারি তাহার সু-ব্যবস্থাদানে আপনার একান্ত মর্জি হয়।

০৭.০৫.২০২৬

স্থায়ী ঠিকানা:-
শ্রী রাজপতি ঘোষ
পিতা-মৃত সুদর্শন ঘোষ
গ্রাম-নশিপুর
পোস্ট-পলশা
থানা-চাঁপাই নবাবগঞ্জ সদর
জেলা-চাঁপাই নবাবগঞ্জ।

বিনীত নিবেদক

শ্রী রাজপতি ঘোষ

(শ্রী রাজপতি ঘোষ)
বিপি-৮২০২০২১৩১৯
কনস্টেবল/২০৯৭
কাটাখালী থানা, আরএমপি, রাজশাহী
মোবা-০১৭১২৮১৮৯৭৭